

ধানবীজ বিপণন ব্যবস্থা

বীজের গুণগত মান
ভালো ফসলের প্রাণ

ভূমিকা


কৃষিতে বীজের গুরুত্ব অপরিসীম। বীজ হলো ফসলের প্রাণ। ফসলের উৎপাদন বৃদ্ধিতে মানসম্পন্ন ভালো বীজের ব্যবহার নিশ্চিত করা একান্ত জরুরি।

ধান বীজের প্রকারভেদ : তিন ধরনের ধানবীজ রয়েছে। যেমন—

- ▶ ব্রিডার বীজ (বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ব্রিডার বীজ উৎপাদন করে)।
- ▶ ভিত্তি বীজ (বিএডিসি এবং এনজিও ব্রিডার বীজ থেকে ভিত্তি বীজ উৎপাদন করে)।
- ▶ প্রত্যয়িত বা মানঘোষিত বীজ (কৃষকেরা প্রত্যয়িত বা মানঘোষিত বীজের চাষ করেন)।

ধানবীজ বিপণন প্রক্রিয়া

- ▶ ভিত্তি বীজের জন্য বিএডিসি এবং এনজিওর সঙ্গে যোগাযোগ করুন।
- ▶ ব্র্যাক, সিনজেনটা, প্রশিকা, জিকেএফ ইত্যাদি এনজিও এবং বিভিন্ন ডিলারের কাছে প্রত্যয়িত/মানঘোষিত বীজ পেতে পারেন।
- ▶ এ ছাড়া স্থানীয় বাজার এবং অন্য কৃষকদের কাছ থেকে ভালো বীজ সংগ্রহ করতে পারেন।
- ▶ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান থেকেও ভালো জাতের বীজ সংগ্রহ করে অধিক ফলন পেতে পারেন।



চিত্র-১ : বীজের প্রকারভেদ ও বিপণন ব্যবস্থা।

ফ্যাক্ট শিট : আমন ধান চাষে আয়-ব্যয়

ব্রি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট




আরো তথ্যের জন্য :


ড. মোঃ রফিকুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইল : drrafiqul@bdonline.com

অধিবেশন ২ : মডিউল ১৩
ফ্যাক্ট শিট ২

আমন ধান উৎপাদন প্রশিক্ষণ মডিউল



চিত্র-২ : আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক বীজ বিপণনব্যবস্থা



চিত্র-৩ : ধান বীজ উৎপাদনে লাভ

উপসংহার

ধান বীজ একটি জৈব দ্রব্য, যার বিপণন ব্যবস্থাপনায় যথেষ্ট সতর্কতা অবলম্বন করা দরকার। কারণ একটু অসতর্কতার জন্য কৃষকের মারাত্মক ক্ষতি হতে পারে। বর্তমান সরকারের উদার বীজ নীতির জন্য বহু বেসরকারি প্রতিষ্ঠানের ওপর বীজ বিপণনের দায়িত্ব অর্পিত হয়েছে। এ অবস্থায় তাদের জাতীয় উন্নয়নের এ দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। তবে লক্ষ রাখতে হবে, কৃষক যেন প্রতারিত না হন।

আরো তথ্যের জন্য :

ড. মোঃ রফিকুল ইসলাম, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষি অর্থনীতি বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১, ই-মেইল : drrafiqul@bdonline.com

অধিবেশন ২ : মডিউল ১৩
ফ্যাক্ট শিট ২